

পরীক্ষা

বাউবি ২০২৫ সালের এসএসসি পরীক্ষার রুটিন প্রকাশ

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ০৮ মার্চ ২০২৫, ১৫: ২৪



এসএসসি পরীক্ষা ফাইল ছবি: প্রথম আলো

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) ২০২৫ সালের এসএসসি পরীক্ষার সময়সূচি প্রকাশ করা হয়েছে। এ পরীক্ষা শুরু হবে আগামী ১১ এপ্রিল (শুক্রবার) থেকে। প্রথম দিনে বাংলা ১ম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষা শেষ হবে ৯ মে। ওই দিন সকালে বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা, হিসাববিজ্ঞান ও পদার্থবিজ্ঞানের (তত্ত্বীয়) এবং বিকেলে ফিন্যান্স ও ব্যাংকিং জীববিজ্ঞান (তত্ত্বীয়) ও পৌরনীতি ও নাগরিকতা পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বাউবির ওয়েবসাইটে এ সময়সূচি প্রকাশ করা হয়েছে। দুই শিফটে পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রথম শিফটে সকাল ৯টা থেকে দুপুর ১২টা এবং দ্বিতীয় শিফটে বেলা ২টা থেকে ৫টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

পরীক্ষার্থীদের জন্য বিশেষ কিছু নির্দেশনাও দেওয়া হয়েছে। নির্দেশনায় বলা হয়েছে—

- পরিচয়পত্র (আইডি কার্ড) ব্যতীত কোনো শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না;
- প্রত্যেক শিক্ষার্থী কেবল নিবন্ধিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোনো অবস্থাতেই অনিবন্ধিত বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না;
- প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে;
- প্রথমে বহুনির্বাচনী ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না;
- লিখোকোডযুক্ত উত্তরপত্রে শিক্ষার্থীকে প্রোগ্রাম কোড (১০), আইডি নম্বর এবং বিষয় কোড ইংরেজিতে নির্ভুলভাবে লিখে বৃত্ত ভরাট করতে হবে। কোনো অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না;
- শিক্ষার্থী পরীক্ষায় নন-প্রোগ্রাম্যাবল সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে;
- শিক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনী ও ব্যবহারিক অংশে পৃথকভাবে পাস করতে হবে
- কেন্দ্র সচিব ছাড়া অন্য কোনো ব্যক্তি/পরীক্ষার্থী পরীক্ষাকেন্দ্রে মুঠোফোন আনতে এবং ব্যবহার করতে পারবেন না
- তত্ত্বীয় পরীক্ষা শেষ হওয়ার ৭ দিনের মধ্যে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে;
- ব্যবহারিক পরীক্ষা নিজ নিজ পরীক্ষাকেন্দ্র/ভেন্যুতে অনুষ্ঠিত হবে;
- ২০১৯ ব্যাচের শিক্ষার্থীদের এসএসসি পরীক্ষা ২০২৫-এ অংশগ্রহণের সর্বশেষ সুযোগ
- De-Novo রেজিস্ট্রেশনকৃত ২০১৮ ব্যাচের শিক্ষার্থীদের এসএসসি পরীক্ষা ২০২৫-এ অংশগ্রহণের ১ম সুযোগ, ২০১৭ ব্যাচের শিক্ষার্থীদের ২য় এবং ২০১৫ ব্যাচের শিক্ষার্থীদের সর্বশেষ সুযোগ।
- কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এই সময়সূচির সূর্য কোনো পরিবর্তন করতে পারবে।
- * BAU SSC-2025 ROUTINE দেখুন [এখানে](#)

